আদ-দ্বীন হাসপাতাল ইস্যুতে দ্রুত সিদ্ধান্ত আসছে: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী শাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

আদ্-দীন হাসপাতালের ছয় নবজাতকের মৃত্যুর ঘটনায় সরকার জনস্বার্থকে অগ্রাধিকার দিয়ে সিদ্ধান্ত নেবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। সোমবার সচিবালয়ে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

তিনি জানান, ঘটনার তদন্ত প্রতিবেদন পর্যালোচনার জন্য আরও দুই দিন সময় নেওয়া হয়েছে। আগামীকাল মঙ্গলবার এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হতে পারে।

স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রয়োজন হলে আইনজীবী নিয়োগ করে প্রতিবেদনের ভিত্তিতে সুপারিশ তৈরি করা হবে এবং সেই অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তবে হাসপাতাল কর্তৃপক্ষ ক্ষতিপূরণ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেবে, এতে সরকারের সরাসরি হস্তক্ষেপ থাকবে না।

ডেঙ্গু পরিস্থিতি নিয়েও তিনি বলেন, মৌসুমকে সামনে রেখে প্রস্তুতি নেওয়া হয়েছে এবং স্যালাইনসহ প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী পর্যাপ্ত মজুদ রয়েছে।

এ ছাড়া টিকা কার্যক্রম ও ওষুধ রপ্তানি প্রসঙ্গেও তিনি সরকারের অগ্রগতির কথা তুলে ধরেন। বর্তমানে বাংলাদেশি ওষুধ ১৪০টির বেশি দেশে রপ্তানি হচ্ছে বলে জানান তিনি।

LENS ASIA